# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 15 May, 2025

সাভারের আশুলিয়ায় বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে নেতৃত্বদানকারী বেশ কয়েক জনের ওপর হামলা করেছে সন্ত্রাসীরা।এঘটনায় অন্তত ৮ জন আহত হয়েছেন।আহতদের উদ্ধার করে সাভারের এনাম মেডিকেলে ভর্তি করা হয়েছে।

বুধবার রাতে আশুলিয়ার শিমুলিয়া ইউনিয়নের গোহাইলবাড়ি এলাকায় তাদের ওপর হামলা করে সন্ত্রাসীরা।

আহতরা হলেন- এনসিপির অঙ্গসংগঠন শ্রমিক উইং এর কেন্দ্রীয় সংগঠক রিফাত আহমেদ ইমন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন সাভার উপজেলার যুগ্ম সদস্য সচিব তাওহিদুল ইসলাম সানভি, সাভার উপজেলার সিনিয়র মুখোপাত্র হৃদয় হাসান, সিটি ইউনিভার্সিটির সদস্য সচিব তাওহিদ আহমেদ শান্তসহ আরও চার জন।

আহত এনসিপি'র শ্রমিক উইং এর কেন্দ্রীয় সংগঠক রিফাত আহমেদ ইমন বলেন, 'আমরা রাতে ওই এলাকায় ঘুরতে যাই।ঘুরতে ঘুরতে হঠাৎ উৎকট গন্ধ পাই।পরে এলাকায় খোঁজ নিয়ে দেখি সেখানে অবৈধ সীসা কারখানায় সীসা পোড়ানো হচ্ছে।তৎক্ষনাৎ আশুলিয়া থানার ওসিকে ফোন দিলে তিনি ঘটনাস্থলের ভিডিওধারণ করে দিতে বলেন।আমরা ভিডিও নিয়ে গোহাইলবাড়ি এলাকায় আসলে একটি হায়েচ গাড়ীতে ও মোটরসাইকেল যোগে ২০/২৫ জন সন্ত্রীসী দেশীয় অস্ত্র নিয়ে আমাদের ওপর হামলা করে। এসময় আমাদের আটজন নেতাকর্মী আহত হয়েছেন।

আশুলিয়া থানার পরিদর্শক (ওসি) সোহরাব আল হাসানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন সন্ত্রাসী সাভার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 11 June, 2025 00:12

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758072513